গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা
www.dakop.khulna.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৪৭১৭.০০২.০২.০০৩.২৬- ৯৯৬

তারিখ : ০৪ ফাল্গুন ১৪৩২ বঃ / ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

## ১৪৩৩ বঙ্গাব্দের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম দফা থেকে ৫ম দফা পর্যন্ত) ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার প্রণীত নীতিমালার আলোকে দাকোপ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত একসনা ইজারা প্রদানের নিমিত্তে শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। শর্তসম্বলিত দরপত্রসমূহ নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, অতিঃজেলা প্রশাসক(রাজস্ব), খুলনা এর কার্যালয়, প্রশাসক, চালনা পৌরসভা কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), দাকোপ, অফিসার-ইন-চার্জ, দাকোপ থানা ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, চালনা বাজার শাখা হতে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ক্রয় করা যাবে। জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), দাকোপ এর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র গ্রহণের দিন বিকাল ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) উপরে বর্ণিত স্ব-স্ব অফিসে খোলা হবে। বিস্তারিত শর্তাবলী সংশ্লিষ্ট অফিস থেকে জানা যাবে।

### ইজারাযোগ্য হাট-বাজারের নাম :

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | অবস্থানগত ইউপি'র নাম | সম্ভাব্য ইজারা মূল্য (গড়মূল্যের অতিরিক্ত ৬% সহ) | সিডিউল মূল্য | | ক্রঃ নং | হাট-বাজারের নাম | অবস্থানগত ইউপি'র নাম | সম্ভাব্য ইজারা মূল্য (গড়মূল্যের অতিরিক্ত ৬% সহ) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | পানখালি হাট | পানখালি | ২৩,৬৩৮/- | ৫০০/- | | ৮। | জয়নগর হাট | কামারখোলা | ৫,১৯৪/- | ৫০০/- |
| ২। | লক্ষীখোলা হাট | পানখালি | ৪,২০৫/- | ৫০০/- | | ৯। | বটবুনিয়া হাট | তিলডাঙ্গা | ১,০৩,৯৮৮/- | ১,০০০/- |
| ৩। | পোদ্দারগঞ্জ হাট | দাকোপ | ৩৫,১৮৪/- | ৫০০/- | | ১০। | মোজামনগর হাট | তিলডাঙ্গা | ৯,২৯৩/- | ৫০০/- |
| ৪। | খুটাখালি (বাজুয়া) হাট | লাউডোব | ১৭,০৩,৭০৬/- | ৪,২০০/- | | ১১। | নলিয়ান হাট | সুতারখালি | ১,৩৮,৯৫২/- | ১,০০০/- |
| ৫। | রামনগর হাট | কৈলাশগঞ্জ | ১,০০০/- | ৫০০/- | | ১২। | কালাবগী গেটের হাট | সুতারখালি | ১,৭৬৭/- | ৫০০/- |
| ৬। | চুনকুড়ি বাধের হাট | বাজুয়া | ১,৩১,২৬৪/- | ১,০০০/- | | ১৩। | সুতারখালী কেওড়াতলা হাট | সুতারখালি | ১,৬৯৬/- | ৫০০/- |
| ৭। | কালিনগর হাট | কামারখোলা | ২,১৩,৯৭৪/- | ১,২০০/- | | ১৪। | বানিশান্তা হাট | বানিশান্তা | ৭৭,৬৯৮/- | ৫০০/- |

### দরপত্র বিক্রয়, দাখিল ও দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়সহ সভার তারিখঃ

| পর্ব | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৫/০২/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ২৬/০২/২০২৬ বেলা ১.০০ টা | ২৬/০২/২০২৬ বেলা ৩.০০ টা | পার্শলিখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার যে কোন হাটের দরপত্র অনুমোদিত হলে উক্ত হাটের পরবর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে |
| ২য় | ১১/০৩/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ১২/০৩/২০২৬ বেলা ১.০০ টা | ১২/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৩য় | ৩০/০৩/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ৩১/০৩/২০২৬ বেলা ১.০০ টা | ৩১/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৪র্থ | ০৮/০৪/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ০৯/০৪/২০২৬ বেলা ১.০০ টা | ০৯/০৪/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৫ম | ২৭/০৪/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ২৮/০৪/২০২৬ বেলা ১.০০ টা | ২৮/০৪/২০২৬ বেলা ৩.০০ টা | |

## ১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী।

০১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে উদ্ধৃত দরের টাকার পরিমান অংকে ও কথায় পরিস্কারভাবে লিপিবদ্ধ করিতে হইবে এবং দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্রটি সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৩। যার দরপত্র গৃহীত হইবে তাহার দাখিলকৃত জামানতের ৩০% অর্থ হইতে ২৫% ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বাংলা সন সমাপনান্তে অব্যবহৃত অর্থ (জামানত) জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৪। দরপত্রে উল্লিখিত দরে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা এবং স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহণ করা হইবে না।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট মহলের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারীমূল্য হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে না। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

০৬। এক পর্বের ও এক হাট/বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্বে অন্য হাট/ বাজারের জন্য দরপত্র হিসাবে দাখিল করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোনপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।

০৭। যাহার দরপত্র গৃহীত হইবে তাঁকে পত্রদ্বারা অবহিত করা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত উল্লিখিত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, (মূল্য সংযোজন কর) কোড নং ১-১১৩৩-০০০১-০৩১১ খাতে এবং ১০% আয়কর, কোড নং-১-১১৪১-০০৫৫-০১১১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমেই অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট- বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৮। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও উপরে হাট/বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট/বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে সংশ্লিষ্ট হাট/বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

১৪। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৫। হাট বাজারের সীমানা বহাল রাখিতে হইবে। কোন অবৈধ ঘর নির্মান করা যাইবে না। টোল আদায় ব্যতিত হাট বাজারের কোন জায়গা অন্য কাজে ব্যবহার করা যাইবে না।

১৬। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৮। হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৭.০২.২০২৬

মো: বোরহান উদ্দিন মিঠু
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ,খুলনা
unodacope@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭১৭.০০২.০২.০০৩.২৬- ১১৬

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২ বঃ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয় )

১। বিভাগীয় কমিশনার, খুলনা
২। জেলা প্রশাসক, খুলনা
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৪। প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা
৫। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, কয়রা, ডুমুরিয়া, বটিয়াঘাটা,দিঘলিয়া, ফুলতলা, তেরখাদা, রুপসা, খুলনা
৬। সহকারী কমিশনার (ভূমি), দাকোপ,খুলনা
৭। অফিসার ইনচার্জ, দাকোপ থানা।
৮। উপজেলা ..........................................................অফিসার(সকল), দাকোপ,খুলনা।
৯। চেয়ারম্যান/প্রশাসক................................................ (সকল) ইউ পি , দাকোপ,খুলনা। তাকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তিটির বিষয়ে মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা............................................ (সকল) ইউনিয়ন ভূমি অফিস, দাকোপ,খুলনা। তাঁকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তিটির বিষয় হাটের দিন ঢোলসহরত/মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব........................................................(প্রাক্তন ইজারাদার ) দাকোপ, খুলনা
১২। উপজেলা আইসিটি কর্মকর্তা, দাকোপ, খুলনা বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য
১৩। অফিস নথি ।

১৭.০২.২০২৬

মো: বোরহান উদ্দিন মিঠু
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ,খুলনা
unodacope@mopa.gov.bd